

## টি.ইউ.ই. টিপস


ডোপ টেস্টের সময় ডোপিং কন্ট্রোল ফর্মে টি.ইউ.ই. অনুমোদিত ব্যবস্থাপত্রের ঘোষিত চিকিৎসার ঘোষণা দিতে হবে।

টি.ইউ.ই. এর অনুমোদনপত্র নির্দিষ্ট করে উল্লেখ করতে হবে।

টি.ইউ.ই. এর অনুমোদনের অনুলিপি ডোপিং কন্ট্রোল অফিসারকে দেখাতে হবে।

চিকিৎসামূলক অব্যাহতি পত্রের আবেদন এবং অনুমতি পত্রের সময়কাল সংশ্লিষ্ট জাতীয়, আন্তর্জাতিক অথবা বড় আয়োজকের সাংগঠনিক কমিটির উপর নির্ভর করে।

বিঃ দ্রঃ  
বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা (WADA)  
টি.ইউ.ই. এর অনুমোদন করে না।



ডোপিং নিয়ন্ত্রনের তথ্যসমূহ প্রতিনয়িত পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন হচ্ছে।  
বিস্তারিত জানতে সংশ্লিষ্ট সংস্থাসমূহ যেমন: জাতীয় ও আন্তর্জাতিক ফেডারেশন, জাতীয় ডোপিং বিরোধী সংস্থা, বিশ্ব ডোপিং বিরোধী সংস্থা অথবা WADA এর সাথে যোগাযোগ করতে পারেন।



wada-ama.org • info@wada-ama.org  
facebook.com/wada.ama • twitter.com/wada\_ama

**Headquarters** 800 Place Victoria, Suite 1700, P.O. Box 120, Montreal, QC, H4Z 1B7, Canada • Tel.: +1.514.904.9232 • Fax: +1.514.904.8650

**Africa** Protea Assurance Building, 8th Floor, Greenmarket Square, Cape Town, 8001, South Africa • Tel.: +27.21.483.9790 • Fax: +27.21.483.9791

**Asia/Oceania** C/O Japan Institute of Sports Sciences, 3-15-1 Nishigaoka, Kita-Ku, Tokyo, 115-0056, Japan • Tel.: +81.3.5963.4321 • Fax: +81.3.5963.4320

**Europe** Maison du Sport International, Avenue de Rhodanie 54, 1007 Lausanne, Switzerland • Tel.: +41.21.343.4340 • Fax: +41.21.343.4341

**Latin America** World Trade Center Montevideo, Tower II, Unit 712, Calle Luis A De Herrera 1248, Montevideo, Uruguay • Tel.: +598.2.623.5206 • Fax: +598.2.623.5207

অনুবাদ: ডাঃ মোঃ শফিকুর রহমান

আপনার বিস্তারিত জানতে [www.wada-ama.org](http://www.wada-ama.org)

এক নজরে

## চিকিৎসা মূলক অব্যাহতি

## Therapeutic Use Exemptions (TUE)



In partnership with



## কি?

একজন ক্রীড়াবিদ সাধারণ মানুষের মত অসুস্থ হতে পারেন যে কারণে তাকে পথ্য বা ঔষধ নিতে হয় চিকিৎসকের পরামর্শ অনুযায়ী এবং ঔষধটি হয়তোবা নিষিদ্ধ তালিকাভুক্ত। এক্ষেত্রে ক্রীড়াবিদকে চিকিৎসা ব্যবস্থা সংক্রান্ত অব্যাহতিপত্রের অনুমোদন নিতে হয় যাতে সেই ক্রীড়াবিদ তার জন্য ব্যবস্থাপত্র অনুযায়ী সুস্থ হওয়ার লক্ষ্যে চিকিৎসা নিতে পারেন। এই পরিস্থিতিতে যথাযথ কর্তৃপক্ষের যে অনুমোদনপত্র নিতে হয় তাকে আমরা চিকিৎসা মূলক অব্যাহতি (TUE) বলি।



## কেন?

চিকিৎসা মূলক অব্যাহতি এটা নিশ্চিত করে যে, ডোপ পরীক্ষণে নিষিদ্ধ তালিকাভুক্ত ঔষধ যেন চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বৈধভাবে একজন ক্রীড়াবিদ নিতে পারেন।

## কে?

যে কোন ক্রীড়াবিদ যাদের ডোপ টেষ্টের মুখোমুখি হওয়ার সম্ভাবনা থাকে নিষিদ্ধ তালিকাভুক্ত ঔষধ সেবনের পূর্বে অথবা সেবনের সময় টি.ইউ.ই. এর জন্য আবেদন করতে পারেন। এ সংক্রান্ত সমস্ত তথ্য অতি গোপনীয়তার সাথে সংরক্ষণ করা হয়।



## কখন?

যে কোন প্রতিযোগীতার ৩০ দিন পূর্বে অবশ্যই আবেদন করতে হবে। জরুরী অবস্থায় ব্যতিক্রম হতে পারে।



## চিকিৎসা মূলক অব্যাহতির ধাপ সমূহ



১

সংশ্লিষ্ট ডোপিং বিরোধী সংস্থার কাছে টি.ইউ.ই. ফরমের জন্য আবেদন করতে হবে।

২

দলীয় চিকিৎসক অথবা ক্রীড়াবিদের ব্যক্তিগত চিকিৎসক টি.ইউ.ই. ফরম পূরণ করবেন এবং সংশ্লিষ্ট ডোপিং বিরোধী সংস্থার কাছে জমা দিতে হবে।

৩

টি.ইউ.ই. আবেদনপত্র গৃহীত হওয়ার পর সংশ্লিষ্ট সংস্থা একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরী করে তাদেরকে চিকিৎসকের ব্যবস্থাপত্রটি রিভিউ করার জন্য প্রেরণ করবেন এবং এই বিশেষজ্ঞ প্যানেল টি.ইউ.ই. আবেদনপত্রের অনুমোদন দিবেন যদি:

সুস্থ হওয়ার লক্ষ্যে ক্রীড়াবিদের ব্যবস্থাপত্রে উল্লিখিত চিকিৎসার বিকল্প অন্য কোন ব্যবস্থাপত্র দেয়া সম্ভব না হয়।

ব্যবস্থাপত্র অনুযায়ী পথ্য বা ঔষধ গ্রহণ করা না হলে মারাত্মক স্বাস্থ্য ঝুঁকির সম্ভাবনা থাকে।

সুস্থ হওয়া ব্যতীত অন্য কোন শারীরিক সুবিধা (দক্ষতা, ক্ষীপ্রতা, শক্তি) পাওয়া না যায়।

৪

ডোপিং বিরোধী সংস্থার পরামর্শক্রমে একজন ক্রীড়াবিদ টি.ইউ.ই. এর আবেদনপত্রে উল্লিখিত ঔষধ সমূহ নিতে পারবেন। ডোপিং বিরোধী সংস্থা দ্বারা অনুমোদিত না হলে ক্রীড়াবিদকে তার কারণ জানানো হবে। এই সিদ্ধান্তের বিরুদ্ধে একজন ক্রীড়াবিদ আবেদন করতে পারবেন।



## যোগাযোগ

জাতীয় পর্যায়ে ক্রীড়াবিদের জন্য জাতীয় ডোপিং বিরোধী সংস্থা। আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়াবিদের জন্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক ফেডারেশন। বৃহৎ গেমসের আয়োজক কর্তৃপক্ষ (অলিম্পিক, কমনওয়েলথ, এশিয়ান গেমস ইত্যাদি)